



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১০৭/২৫০

তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

বিষয় : ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেওয়া প্রসঙ্গে। ২

- সূত্র : ১। বামাশিবো/প্রশা/২২৪২২১০০৩৩৯১/৫৯৭১৪/নথি নং- ১০৭ তারিখ: ১৮.০৫.২০২২ ইং;
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পত্র নং ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.২২.৬৫ তারিখ: ২৫.০১.২০২২ ইং;
৩। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা পত্র নং বামাশিবো/প্রশা/বরগুনা-১০৭/২৩৩ তারিখ: ০৯.১১.২০২২ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলাধীন দক্ষিণ জ্ঞানপাড়া ওয়াহেজিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির ১ম সভা হওয়ার পূর্বে সভাপতি জনাব মো: শহীদুল্লাহ কর্তৃক ৩০.০১.২০২২ইং তারিখে ম্যানেজিং কমিটির সভাপতি পদ থেকে পদত্যাগ করা হয়েছে। সভাপতি পদত্যাগ করায় মাদ্রাসা প্রধান কর্তৃক ০৪.০৯.২০২২ ইং তারিখে পুনরায় সভাপতি মনোনয়নের জন্য আবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত কাগজপত্র যাচাই করে দেখা যায় সভাপতি মনোনয়নের আবেদন করার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ২৯(৩) প্রতিপালন করা হয়নি। অপরদিকে, সূত্রোক্ত ২নং স্মারক পত্র অনুযায়ী কোভিড-১৯ এ বোর্ডের ঘোষিত বিধি নিষেধের মধ্যে ০৩.০২.২০২২ ইং সভাপতি নির্বাচন করা হয়েছে। পুনরায় সভাপতি মনোনয়নের আবেদন ও সভাপতি নির্বাচন বিধি সম্মত না হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারক পত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেওয়া হবেনা মর্মে সূত্রোক্ত ৩ নং স্মারকে কারণ দর্শানো পত্র দেওয়া হয়েছে। কারণ দর্শানো পত্রের জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় ম্যানেজিং কমিটিতে পুনরায় সভাপতি মনোনয়নের আবেদন ও সভাপতি নির্বাচন বিধি সম্মত না হওয়ায় সূত্রোক্ত ১নং স্মারক পত্রে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেওয়া হলো। প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি গ্রহণ পূর্বক এডহক কমিটি গঠন করার জন্য অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৯.০১.২০২৩

মো: সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


০৯.০১.২৩


তারিখ: ২৫ পৌষ ১৪২৯
০৯ জানুয়ারি ২০২৩

সুপার/ভারপ্রাপ্ত সুপার,
দক্ষিণ জ্ঞানপাড়া ওয়াহেজিয়া দাখিল মাদ্রাসা,
পো: জ্ঞানপাড়া, পাথরঘাটা, বরগুনা।

নং-বামাশিবো/প্রশা/বরগুনা-১০৭/২৫০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):


১. জেলা প্রশাসক, বরগুনা;
২. জেলা শিক্ষা অফিসার, বরগুনা;
৩. উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পাথরঘাটা, বরগুনা;
৫. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি.; শাখা, পাথরঘাটা, বরগুনা;
৬. মো: গোলাম কিবরিয়া, পুনরায় নির্বাচিত সভাপতি, দক্ষিণ জ্ঞানপাড়া ওয়াহেজিয়া দাখিল মাদ্রাসা, পাথরঘাটা, বরগুনা;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।


০৯/০১/২৩

মো: ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


০৯.০১.২৩